

টিকিট বিক্রির টাকা পরিশোধের সময় বাড়ালো আয়াটা

- A Monitor Desk Report

Date: 01 August, 2024



ঢাকাঃ বাংলাদেশের ট্রাভেল এজেন্সিগুলোর কাছ থেকে টিকিট বিক্রির টাকা পরিশোধের সময় বৃদ্ধি করেছে ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আয়াটা)। ৩০ জুলাইয়ের ডেডলাইনের স্থলে ট্রাভেল এজেন্সিগুলো ৬ আগস্ট পর্যন্ত আয়াটার পাওনা টাকা পরিশোধ করতে পারবে।

বুধবার (৩১ জুলাই) সময় বৃদ্ধির বিষয়টি জানিয়ে আটাবের সদস্য ট্রাভেল এজেন্সিদের এই চিঠি দেন এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশের (আটাব) মহাসচিব আসফিয়া জান্নাত সালেহা। চিঠিতে তিনি জানান, আয়াটার পেমেন্টের সময়সীমা বাড়ানোর জন্য ২৫ জুলাই আটাব থেকে একটি চিঠি দেওয়া হয়েছিল। চিঠিতে সারাদেশে ইন্টারনেট না থাকা ও ব্যাংকিং কার্যক্রম বন্ধ থাকায় বিল প্রদানের তারিখ বৃদ্ধির আবেদন করা হয়। চিঠির পরিপ্রেক্ষিতে তারা (আয়াটা) ৬ আগস্ট পর্যন্ত সময়সীমা বাড়িয়ে দেয়।

আটাব জানায়, সাধারণত একজন গ্রাহক যখন কোনো ট্রাভেল এজেন্সির কাছ থেকে প্লেনের টিকিট কিনেন, তখন ওই এজেন্সি টিকিট বিক্রির টাকা আয়াটাকে প্রদান করে। আয়াটা সেই টাকা স্ব স্ব এয়ারলাইন্সকে পাঠায়। অর্থাৎ অর্থ লেনদেনের ক্ষেত্রে এয়ারলাইন্স ও ট্রাভেল এজেন্সির মধ্যে মিডিয়া হিসেবে কাজ করে আয়াটা।

তারা জানায়, ট্রাভেল এজেন্সিগুলো প্রতিমাসের ২ টা ডেটে আয়াটার বিল পরিশোধ করে। বিল পরিশোধ না করলে তারা টিকিট কাটার আইডি বন্ধ করে দেয়। জুলাইয়ের বিল পরিশোধের শেষ সময় ছিল ৩০ জুলাই। তাই দেশের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সময়সীমা বৃদ্ধি চেয়েছিল তারা।